

# নীল ও সাদা দলের সমন্বয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের নতুন কমিটি



সাধারণ সভায় কমিটি ঘোষণা করা হয়

## সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০১ জুলাই ২০২৫ | ১৯:২৩ | আপডেট: ০১ জুলাই ২০২৫ | ২১:০১

(-) (অ) (+)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএনপি-জামায়াতপন্থি শিক্ষকদের সংগঠন সাদা দল ও আওয়ামীপন্থি শিক্ষকদের সংগঠন নীল দলের শিক্ষকদের নিয়ে সমন্বিতভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের নতুন কমিটি ঘোষণা দেওয়া হয়েছে। গতকাল সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন, সাদা দলের সাবেক যুগ্ম আহ্বায়ক ও নির্বাচন কমিশনার অধ্যাপক সিদ্ধিকুর রহমান

খান ক্লাবের ২০২৫-২৬ সেশনের ১৫ সদস্যে কার্যকরী কমিটি ঘোষণা করেন। এ কমিটিতে সাদা দলের সাতজন ও নীল দলের সাতজন শিক্ষক রয়েছেন।

কমিটি ঘোষণার সময় নির্বাচন কমিশনার অধ্যাপক সিদ্ধিকুর রহমান খান, সাদা দলের আহ্বায়ক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খান ও নীল দলের আহ্বায়ক অধ্যাপক মো. আমজাদসহ বেশ কয়েকজন শিক্ষক কয়েকবার সভা করেন বলে দাবি করা হলেও মোর্শেদ হাসান খান সমকালকে বলেন, 'আমার সঙ্গে কারো বৈঠক হয়নি। আমার সঙ্গে বৈঠকে যে দাবি করা হচ্ছে তা সঠিক নয়।'

তবে নির্বাচন কমিশনার জানান, সমন্বিতভাবে এ কমিটি চূড়ান্ত করা হয়েছে। কমিটি ঘোষণার সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) সায়মা হক বিদিশা ও কোষাধ্যক্ষ অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী।

ঘোষিত কমিটিতে সভাপতিসহ ছয়জন সাদা দলের ও সেক্রেটারিসহ ছয়জন নীল দলের সদস্য অন্তর্ভুক্ত করা হয়েছে। সেক্রেটারি হিসেবে আছেন রসায়ন বিভাগের অধ্যাপক কামরূল আহসান। তিনি আওয়ামী লীগপ্রতি শিক্ষকদের প্যানেল নীল দলের হয়ে শিক্ষক সমিতিতে দুইবারের নির্বাচিত সদস্য ছিলেন। সহ-সভাপতি করা হয়েছে ইতিহাস বিভাগের অধ্যাপক ড. রেজাউল করিমকে, যিনি নীল দলের হয়ে সিনেট সদস্য ছিলেন। যুগ্ম সম্পাদক করা হয়েছে ড. রাদ মুজিব লালনকে, তিনি নীল দলের সিডিকেটের নির্বাচনে অংশগ্রহণ করেছিলেন।

কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন ব্যবসায় প্রশাসন ইনসিটিউটের অধ্যাপক ড. খালেদ মাহমুদ (নীল দলের আহ্বায়ক, আইবিএ) এবং কারুশিল্প বিভাগের জাহাঙ্গীর হোসেন (যুগ্ম আহ্বায়ক, চারুকলা অনুষদ নীল দল)। আরেক সদস্য আওয়ামী রাজনীতির সঙ্গে সরাসরি সম্পৃক্ত (যুবলীগের কেন্দ্রীয় কমিটির সাবেক সদস্য) অধ্যাপক জাভীদ ইকবাল বাঞ্ছালী। জুলাই আন্দোলনের বিরোধিতা করায় শিক্ষার্থীরা তাকে বয়কট করেছেন।

এ বিষয়ে নির্বাচন কমিশনার ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. সিদ্ধিকুর রহমান খান বলেন, ‘আমি একটা প্যানেলই পেয়েছি। এ কারণে এই কমিটিকে নির্বাচিত ঘোষণা করেছি। ক্লাব গঠনের দীর্ঘদিনের একটা রেওয়াজ আছে। এ অনুযায়ী, সাধারণত যেসব শিক্ষক ক্লাবে যাতায়াত করেন, তাদের মধ্যেই দলমত নির্বিশেষে সবাইকে নিয়ে আলোচনার ভিত্তিতে কমিটি গঠন করা হয়। তবে এবার ফ্যাসীবাদের সহযোগীদের না রাখার কথা ছিল। এ বিষয়ে ঢাবি সাদা দলের শীর্ষ নেতৃবৃন্দ ভালো বলতে পারবেন।’